কোভিড-19 K-12 স্টুডেন্টস স্ক্রিনিং টুল
স্কুলে প্রবেশ করার আগে অনুগ্রহ করে এটা পূরণ করুন।

নাম: _____ তারিখ: _____ সময়: _____

1. নীচে দেওয়া কোনও একটি উপসর্গ ছাত্র-ছাত্রীর মধ্যে নতুন করে দেখা দিয়েছে অথবা গুরুতর হয়ে উঠেছে কি?*

হ্যাঁ ☐ না ☐
জ্বর > 37.8°C

হ্যাঁ ☐ না ☐
কাশি

হ্যাঁ ☐ না ☐
শ্বাসকষ্ট

হ্যাঁ ☐ না ☐
স্বাদ বা গন্ধ না-পাওয়া

হ্যাঁ ☐ না ☐
অসুস্থ অনুভব করা, পেশিতে ব্যথা বা ক্লান্ত ভাব

হ্যাঁ ☐ না ☐
নাক বন্ধ বা নাক দিয়ে জল পড়া

হ্যাঁ ☐ না ☐
মাথাব্যথা

হ্যাঁ ☐ না ☐
গলা ফোলা অথবা খাদ্য গিলতে ব্যথা

হ্যাঁ ☐ না ☐
গা গোলানো, বমি বা ডায়রিয়া

যদি কোনও উপসর্গ 'থাকে', তাহলে:

বাড়িতে থাকুন এবং স্বেচ্ছা নিভৃতবাসে থাকুন

+

পরীক্ষা করাতে হবে

অথবা

স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করতে হবে

2. আপনার পরিবারের কারও উল্লিখিত কোনও একটি বা একাধিক উপসর্গ কি আছে? ☐ হ্যাঁ ☐ না

3. গত 14 দিনে আপনার পরিবারের কেউ কি কানাডার বাইরে গিয়েছিল? ☐ হ্যাঁ ☐ না

4. আপনার পরিবারের কেউ কি কোভিড-19 আক্রান্ত কোনও ব্যক্তির নিকট সংস্পর্শে এসেছিল বলে শনাক্ত হয়েছে অথবা পরিবারের কাউকে বাড়িতে থাকতে এবং স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে বলা হয়েছিল কি? ☐ হ্যাঁ ☐ না

2, 3 বা 4 নং. প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়ে থাকলে:

বাড়িতে থাকুন

+

টরন্টো জন স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ মেনে চলতে হবে

* যদি কোনও শিশুর আগে থেকেই স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর দ্বারা শনাক্ত করা স্বাস্থ্য সংক্রান্ত কোনও সমস্যা থেকে থাকে, তাহলে তাদেরকে 'হ্যাঁ' বলে উত্তর দিতে হবে না, যদি না উল্লিখিত উপসর্গগুলো নতুন করে, আলাদা করে বা আরও গুরুতর না-হয়ে ওঠে। আপনার শিশুর স্বাভাবিক উপসর্গে কোনও পরিবর্তন দেখা দিচ্ছে কি না খেয়াল রাখুন।

ফেব্রুয়ারি 23, 2021-এ হালনাগাদ করা হয়েছে

আমার সন্তানের মধ্যে কোভিড-19'এর এক বা একাধিক উপসর্গ দেখা দিয়েছে। আমাকে এখন কী করতে হবে?

আপনার সন্তান কি এমন কারও সংস্পর্শে এসেছিল, যাঁর কোভিড-19 ধরা পড়েছে পরীক্ষা করানোর পর?

হ্যাঁ

- বাড়ির লোকজন সহ সবাইকে বাড়িতে এবং স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে। নিজের সন্তানের স্বাস্থ্য পরীক্ষা করান।
- যদি হ্যাঁ হয়, তাহলে বাচ্চার স্কুলে তা জানিয়ে দিন। এর পরবর্তী নির্দেশ জারি করবে টরন্টো পাবলিক হেল্‌থ।
- যদি ধরা না-পড়ে, তাহলেও সেই বাচ্চাকে পজিটিভ থাকা ব্যক্তির সংস্পর্শে আসার দিন থেকে 14 দিন স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে। পরিবারের অন্য বাচ্চাকেও স্কুল থেকে স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে, যতক্ষণ না সংশ্লিষ্ট পজিটিভ থাকা ব্যক্তিটির স্বেচ্ছা নিভৃতবাস সম্পূর্ণ হচ্ছে।
- যদি আপনার বাচ্চার স্বাস্থ্য পরীক্ষা করানো না-হয়ে থাকে, তাহলে তাকে 10 দিন স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে। তার সংস্পর্শে থাকা বাড়ির লোকজনকেও 14 দিন স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে।

না

- বাচ্চার উপসর্গ দেখা দিয়েছে বলে তার স্কুলে জানিয়ে দিন।
- আপনার বাচ্চাকে বাড়িতে স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে এবং তার স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে।
- পরিবারের অন্য কোনো সদস্য, যে স্কুল সেটিঙে অংশগ্রহণ করেছিল, তাকেও বাড়িতে এবং স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে, যতক্ষণ না বাচ্চার পরীক্ষার ফলাফল না হয়।

আপনার সন্তানের কোভিড-19 টেস্টের ফল কী বের হলো?

পজিটিভ

- আপনার সন্তানের কোভিড-19 পজিটিভ হয়েছে বলে তার স্কুলে জানিয়ে দিন।
- আপনার বাচ্চার মধ্যে যেদিন থেকে উপসর্গ দেখা দিয়েছে সেদিন থেকে 10 দিনের জন্য তাকে বাড়িতে এবং স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে।
- বাড়ির লোকজন এবং তার নিকট সংস্পর্শে আসা অন্যান্য লোকজনকেও 14 দিন স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে।
- সব কিছু খতিয়ে দেখার জন্য টরন্টো পাবলিক হেল্‌থ আপনার সঙ্গে যোগাযোগ করবে এবং পরবর্তী নির্দেশ জারি করবে

নিগেটিভ

- আপনার সন্তানের উপসর্গ কমতে শুরু করার 24 ঘণ্টা পর সে ফের তার স্কুলে যেতে পারবে।
- উপসর্গ না থাকলে ভাই/বোনরাও স্কুলে ফিরে যেতে পারবে।
- প্রাপ্তবয়স্করা, যারা স্কুল সেটিঙে অংশগ্রহণ করেছিল, উপসর্গ না থাকলে তারাও স্কুলে যেতে পারবে।

টেস্ট করানো না-হলে

- আপনার সন্তানের মধ্যে যেদিন থেকে উপসর্গ দেখা দেবে সেদিন থেকে 10 দিন তাকে বাড়িতে এবং স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে হবে।
- 10 দিন পর তাদের উপসর্গ ঠিক হতে থাকলে তারা ফের তাদের স্কুলে যেতে পারবে।
- পরিবারের যে কেউ, যারা স্কুল সেটিঙে অংশগ্রহণ করেছিল, তাদেরও 14 দিন বাড়িতে থাকবে।
- স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী যদি আপনার সন্তানের স্বাস্থ্য পরীক্ষা করে বুঝতে পারেন যে বাচ্চার মধ্যে দেখা দেওয়া উপসর্গ কোভিড-19 সংক্রান্ত নয়, সে-ক্ষেত্রে উপসর্গ ঠিক হওয়ার 24 ঘণ্টার মধ্যেই বাচ্চা স্কুলে যেতে পারবে। পরিবারের বাকি সদস্যরা স্কুলে অংশগ্রহণ করতে পারবে।

যদি আপনার পরিবারের কেউ 14 দিনের জন্য কানাডার বাইরে ভ্রমণ করতে গিয়ে থাকে, তাহলে সংশ্লিষ্ট ভ্রমণকারী ব্যক্তিকে 14 দিনের জন্য স্বেচ্ছা নিভৃতভাসে থাকতে হবে। সংশ্লিষ্ট ভ্রমণকারী ব্যক্তির 14 দিনের কোয়ারেন্টাইন সম্পূর্ণ না হওয়া পর্যন্ত পরিবারের প্রত্যেককে স্কুল থেকে দূরে থাকতে হবে। যদি সংশ্লিষ্ট ব্যক্তিকে জরুরীকালীন চাকরির জন্য (যেমন ট্রাক চালক, পাইলট) ভ্রমণ কোয়ারেন্টাইন থেকে অব্যাহতি দেওয়া হয়, সেই ক্ষেত্রে পরিবারের অন্যান্যরা স্কুলে অংশগ্রহণ করতে পারবে।